

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 15-01-2026**  
**Time : 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দুদিনের সফরে আজ পাঞ্জাবে যাচ্ছেন। অমৃতসরে গুরুনানকদেব বিশ্ববিদ্যালয়ে স্মরণীয় সমাবেশে তিনি প্রধান অতিথির আসন অলঙ্কৃত করবেন। আগামীকাল রাষ্ট্রপতি জলন্ধরের ডক্টর বি আর আশ্বেদকার ন্যাশানাল ইনস্টিটিউট অফ টেকনোলজির ২১ তম সমাবেশে এক হাজার ৪৫২ জন ছাত্রছাত্রীকে ডিগ্রি প্রদান করবেন।

\*\*\*\*\*

**PM, Commonwealth :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লিতে কমনওয়েলথের Speaker এবং প্রিসাইডিং অফিসারদের ২৮তম সম্মেলনের উদ্বোধন করবেন। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সম্মেলনে সভাপতিত্ব করবেন। ৪২টি কমনওয়েলথ দেশ এবং চারটি আধা-স্বায়ত্তশাসিত সংসদের ৬১ জন স্পিকার এবং প্রিসাইডিং অফিসার সম্মেলনে যোগ দেবেন। সমসাময়িক সংসদীয় বিভিন্ন বিষয়ের পাশাপাশি সংসদীয় কার্যক্রমে

কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার, সংসদ সদস্যদের উপর সামাজিক মাধ্যমের প্রভাব সহ অন্যান্য বিষয়েও আলোচনা করা হবে।

\*\*\*\*\*

## **Book Fair :**

আগামী বছর আরও বড় পরিসরে আগরতলা বইমেলা আয়োজনের প্রত্যাশা নিয়ে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ৪৪তম আগরতলা বইমেলা গতকাল শেষ হয়েছে। বইমেলার সমাপ্তি অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী স্মশান্ত চৌধুরী বলেন, আগামী দিনগুলিতে স্কুল কলেজের ছাত্রছাত্রীদের আরও বেশি করে বইমেলার সঙ্গে যুক্ত করতে পারলে নতুন প্রজন্ম লাভবান হবে। এ প্রসঙ্গে তিনি জেলাভিত্তিক বইমেলা আয়োজন করার গুরুত্বের কথাও তুলে ধরেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ডঃ পিকে চক্রবর্তী, সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী। উপস্থিত ছিলেন পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত।

\*\*\*\*\*

## **Book Fair Award :**

বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য গতকাল বইমেলা মঞ্চে রাজ্যের প্রখ্যাত ব্যক্তিত্বদের বিভিন্ন পুরস্কারে পুরস্কৃত করা হয়। এবছর লোকসংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের জন্য লালন পুরস্কার পেয়েছেন পশ্চিম জেলার বীরেন্দ্র নগরের কল্যাণ ঠাকুর পাড়ার সত্যরঞ্জন দেববর্মা। ভীষ্মদেব স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলার

ধলেশ্বরের নরেন্দ্ৰ দেববৰ্মা। সলিলকৃষ্ণ দেববৰ্মণ স্মৃতি পুরস্কাৰ পেয়েছেন আগৰতলাৰ ড. নাৰায়ণ ভট্টাচাৰ্য।

\*\*\*\*\*

### **Total Book Sale in Book Fair :**

৪৪তম আগৰতলা বইমেলায় ১৩ দিনে মোট ১ কোটি ৬১ লক্ষ ৬৮ হাজাৰ ৫৫১ টাকার বই বিক্রি হয়। গতবছৰ ৪৩তম আগৰতলা বইমেলায় মোট ১ কোটি ৫৩ লক্ষ ৫৩ হাজাৰ ৭৮৫ টাকার বই বিক্রি হয়েছিল।

\*\*\*\*\*

### **CM of Assam Tour :**

আসামেৰ মুখ্যমন্ত্ৰী হিমন্তু বিশ্ব শৰ্মা আজ ৰাজ্য সফৰে আসছেন। তিনি উদয়পুৰেৰ মাতাবাড়িতে ত্ৰিপুৰা সুনন্দৰী মন্দিৰে পূজো দেবেন। মুখ্যমন্ত্ৰী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগৰতলায় এখনৰ জানান।

\*\*\*\*\*

### **Rajnath Singh :**

প্ৰতিৰক্ষা মন্ত্ৰী ৰাজনাথ সিং বলেছেন, সশস্ত্ৰ বাহিনীৰ প্ৰবীণ যোদ্ধাৰা জাতীয় চেতনাৰ স্তম্ভ, সন্মিলিত সাহসেৰ প্ৰতীক এবং আগামী প্ৰজন্মেৰ জন্ম অনুপ্ৰেৰণাৰ উৎস। গতকাল নতুন দিল্লীতে আৰ্মড ফোর্সেৰ ভেটেৰান্স ডে অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, প্ৰাক্তন সেনানীৰা দেশ গঠনেৰ প্ৰতিটি ক্ষেত্ৰে অবদান রাখেন এবং শৃঙ্খলা, নেতৃত্ব ও সাহসেৰ মাধ্যমে সমাজকে পথ দেখান।

\*\*\*\*\*

### PMKSY Bokafa :

প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনায় বকাফা কৃষি মহকুমার উদ্যোগে মধ্য কাঁঠালিয়া এডিসি ভিলেজের পতিপ্রসাদ পাড়ায় রকের ৩৬ জন সুবিধাভোগীদের হাতে গতকাল গাভী তুলে দেওয়া হয়। কৃষি তত্ত্বাবধায়ক রাজীব সেন জানিয়েছেন এই প্রকল্পে ১৪ লক্ষ ৬৬ হাজার টাকা ব্যয় হয়েছে।

\*\*\*\*\*

### Rail-MLA :

দক্ষিণ ও গোমতী জেলার যাত্রীদের সুবিধার্থে আগরতলা-কলকাতা গরীব রথ ও আগরতলা-ব্যাঙ্গালোর হামসফর এক্সপ্রেস সার্বম স্টেশন থেকে চালু করার জন্য উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের আঞ্চলিক ব্যবস্থাপককে চিঠি লিখেছেন বিধায়ক দীপংকর সেন। তিনি এই দাবি সম্পর্কে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীকে অবহিত করেছেন।

\*\*\*\*\*

### Kalshi Poush Mela :

জোলাইবাড়ি রকের কলসীতে শুরু হলো তিনদিনের পৌষ মেলা। গতকাল সন্ধ্যায় তিনদিনব্যাপী দ্বাদশ পৌষ মেলার উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুরাচরন নোয়াতিয়া।

\*\*\*\*\*

## Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। ভোরে হালকা কুয়াশা পড়েছে দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*

\*\*\*\*\*